বাংলা (BENGALI)

(203)

মূল্যায়ন পত্র-(I) Assignment-I

(পাঠ 1-10)

পূর্ণমান : ২৫

টীকা - (ক) প্রতিটি প্রশ্ন আবশ্যিক। প্রতিটি প্রশ্নের মান সমান।

(খ) উত্তর-পত্রের প্রথম পৃষ্ঠার উপর দিকে স্পষ্ট ভাবে নিজের নাম, এনরোলমেন্ট নাম্বার, পাঠকেন্দ্রের (A1) নাম্বার ও নাম এবং বিষয় লিখুন।

1. ক, খ, গ- এর মধ্যে যে কোন 'দুটি' প্রশ্নের উত্তর দিন—

(ক)(i) বাংলা ইস্কুলে পড়ার সময় লালু সহপাঠী সকলের কী ছিল?

(ii) ইস্কুল ছেড়ে লালু কী ব্যবসা শুরু করেছিল?

(iii) লালুর মারাত্মক দোষ কী ছিল?

(iv) মনোহর চাটুজ্জের বাড়ির কালীপূজোয় পাঁঠা বলি দিতে কামার আসেনি কেন?

(v) শেষ পর্যন্ত পাঁঠা বলি কে দিয়েছিল?

(খ) 'এইভাবে বিশ্ব মানবের মনে মহাপ্রলয়ের বিভীষিকা জাগিয়ে নতুন পারমানিক যুগের সূচনা হয়েছে।'— মাদামকুরি অনুসরণে নতুন পারমানবিক যুগের সূচনা কী ভাবে হয়েছে— সে সম্বন্ধে 50 থেকে 70 শব্দের মধ্যে লিখুন।

(গ)(i) 'ধবংস' গল্পের 'পিয়ের শো প্যাঁ'-র বাসা কোথায় ছিল?

(ii) তাঁর 'সারা জীবনের শখ' কী ছিল?

(iii) তাঁর সেই শখ মেটাতে মেয়ে ক্যামিলকে তিনি কী ভাবে তৈরি করেছিলেন?

2. যেকোন দুঠি প্রশ্নের উত্তর দিন—

(ক) 'কান্ডারী হুঁশিয়ার' কবিতায় 'কান্ডারী' কাকে বলা হয়েছে? কবি কান্ডাবীকে কেন হুঁশিয়ার হতে বলেছেন- সে সম্বন্ধে 70 টি শব্দের মধ্যে লিখুন।

<u>অথবা</u>

(খ) 'বঙ্গ ভূমির প্রতি' কবিতায় কবি কার কাছে কী মিনতি জানিয়েছেন? বাংলা ভাষা ও বাংলা দেশের প্রতি কবির অনুরাগের যে পরিচয় এই কবিতায় পান তা 50 থেকে 70 শব্দের মধ্যে লিখুন।

(গ) 'শুধু তাভা নয়' কবিতায় মানুষের মধ্যে আশার সঞ্চার -কীভাবে করা হয়েছে তা 70 টি শব্দের মধ্যে লিখুন।

3. চলিত ভাষায় রূপান্তর করুন ঃ

আর্যপূর্ব সংস্কৃতির বহমান ধারার সহিত আগন্তুক আর্য সংস্কৃতির বহমান ধারা সম্মিলিত হইয়া যে যুক্তবেণী রচনা করিয়াছিল রামায়ণ মহাভারত তাহারই সৃষ্টি। ততদিনে আর্য ও অনার্য বহুল পরিমাণে বিমিশ্র হইয়াছে। তাহাকে আর অমিশ্র করিবায় উপায় নাই। তবু বর্নশুদ্ধির জন্য ও বর্ণ সাঙ্কর্যের ভয়ে যত প্রকার কঠোর বিধান জারি করা হয়। আর্যপূর্ব যুগে কতিপয় ব্যক্তি পৌরোহিত্য করিত। কতিপয় ব্যক্তি করিত রাজ্যশাসন ও যুদ্ধ। কতিপয় ব্যক্তি বাণিজ্যে লিপ্ত থাকিত। ইহারাও আর্যাদিগের ব্রাহ্মণ, ক্ষত্রিয় ও বৈশ্য বর্ণের অর্ন্তভুক্ত হয়।

অথবা

(ক) পদান্তর করুন ঃ-

মধুর, বড়, দরিদ্র, শুরু, অলস

(খ) নীচের উপসর্গ যোগে শব্দ গঠন করুন ঃ-

আ, পরা, হা, ফুল, অপ

4. অনধিক 100 শব্দে পণপ্রথার বিষময় পরিনতির উপর একটি অনুচ্ছেদ রচনা করুন।

অথবা

আপনার গ্রামের বাড়িতে গ্রীষ্মের দুটি কাটাবার আমত্রণ জানিয়ে বান্ধবীকে একখানা চিঠি লিখুন।

5. প্রকল্প কার্য—

সাক্ষরতা অভিযানে যুবসমাজের সক্রিয় ভূমিকা ও দায়িত্ব সমপর্কে একটি বিস্তৃত কর্মসূচি প্রণয়ন করুন।

বাংলা (BENGALI)
(203)
মূল্যায়ন পত্র-(II) Assignment-II
(পাঠ 11-18)

পূর্ণমান: ২৫

টীকা - (ক) প্রতিটি প্রশ্ন আবশ্যিক। প্রতিটি প্রশ্নের মান সমান।

(খ) উত্তর-পত্রের প্রথম পৃষ্ঠার উপর দিকে স্পষ্ট ভাবে নিজের নাম, এনরোলমেন্ট নাম্বার, পাঠকেন্দ্রের (A1) নাম্বার ও নাম এবং বিষয় লিখুন।

1. ক, খ, গ-এর মধ্যে যে কোন 'দুটি' প্রশ্নের উত্তর দিন—

(ক) 'অবাক জলপান' রচনাটি অবলম্বনে পথিক ও ঝুড়িওয়ালার কথোপকথন নিনের ভাষায় (60 থেকে 70টি শব্দের মধ্যে) লিখুন।

(খ) (i) 'চোট্টি মুন্ডা এবং তার তীর'- গল্প অনুযায়ী চোট্টির পূর্ব পুরুষের নাম কী ছিল?

(ii) চোট্টির পূর্বপুরুষ চাইবাসা থেকে কোথায় এসেছিল? সেখানে তার কী হয়েছিল?

(ii) চোট্টির পূর্বপুরুষ জেলে গিয়েছিল কেন?

(গ) 'রেকর্ড' গল্পের নায়ক (আমি) ছোট একটা বুক কেসের সন্ধানে কোথায় গিয়েছিলেন? ফিরে আসার পথে একটি দোকানে তিনি যে জিনিষগুলি দেখেছিলেন-তাদের একটি তালিকা দিন।

2. যেকোন দুটির উত্তর দিন—

(ক) বাংলার মুখ আমি দেখিয়াছি কবিতায় কবি বাংলার পল্লী-প্রকৃতির যে রূপের বর্ণণা লিয়াছন তা অনধিক 80 শব্দের মধ্যে লিখুন।

(খ) 'শুধু তাভা নয়' কবিতায় কবি কীভাবে মানুষের মধ্যে আশার সঞ্চার করতে চেয়েছেন-70টি শব্দের মধ্যে তা লিখুন।

(গ) 'ওরা কাজ করে' -কবিতায় কাদের কাজের ধারা যুগে যুগে চলে আসছে? তাদের কাজের ধারাগুলি উল্লেখ করুণ এবং তার ঘালে জগৎ সংসারের রথের চাকা কিভাবে সচল রয়েছে-সে সম্বন্ধে সংক্ষেপে লিখুন। (অনধিক 60 শব্দে)

3. (i) শব্দক্রম অনুযায়ী বাক্য দুটি সাজান—

(ক) রমেশ ফেরৎ পাঁচ বইগুলি মধ্যে মাসের দেবে।

(ii) সরল বাক্যে পরিনত করুন—

যদি আমার বাড়ি যান তাহলে বইখানি পাবেন।

(iii) জটিল বাক্যে রূপান্তরিত করুন—

সকালে এলে আমার সঙ্গে দেখা হবে।

(iv) প্রশ্নবোধক বাক্যে পরিবর্তিত করুন—

আমি তো তোমার কথা রেখেছি।

অথবা

কারক, বিভক্তি ও অনুসর্গ কাকে বলে তা দৃষ্টান্তসহ লিখুন।

4. যে কোনো একটি বিষয় অবলম্বনে অনধিক 120টি শব্দের মধ্যে প্রবন্ধ লিখুন—

(ক) গ্রামোন্নয়নে যুব সমাজের ভুমিকা

(খ) বেকার সমস্যা সমাধানে ক্ষুদ্র শিল্পের গুরুত্ব

(গ আপনার দেখা একটি গ্রাম্য মেলা।

5. প্রকল্প কার্য :-

একটি স্বেচ্ছাসেবী সংস্থার সমপাদক হিসাবে শব্দদূষন প্রতিরোধে জনসচেতনতা বৃদ্ধির-জন্য প্রচার পত্র, পোস্টার এবং ব্যানার তৈরির প্রয়োজনে লিখিত উপাদান প্রস্তুত করুন।

বাংলা (BENGALI)

(203)

মূল্যায়ন পত্র-(III) Assignment No : III

(পাঠ 21-28)

পূর্ণমান : ২৫

টীকা - (ক) প্রতিটি প্রশ্ন আবশ্যিক। প্রতিটি প্রশ্নের মান সমান।

(খ) উত্তর-পত্রের প্রথম পৃষ্ঠার উপর দিকে স্পষ্ট ভাবে নিজের নাম, এনরোলমেন্ট নাম্বার, পাঠকেন্দ্রের (A1) নাম্বার ও নাম এবং বিষয় লিখুন।

1. ক, খ, গ-এর মধ্যে যেকোন দুটি–

(ক) ''হাতে খড়ি-র পুরানো সংখ্যাগুলিতে দেখছিলাম,''– 'হাতে খড়ি' কী? কোথায় লেখক পুরানো সংখ্যাগুলি দেখেছিলেন? সেগুলিতে লেখক কী দেখেছিলেন?

(খ) ''ভারতের আর্যোত্তর সংস্কৃতির উচ্চতর সুর মোটের উপর আর্য ও আর্যপূর্ব পুরোহিত ও সৈনিকবনিকদের নেতৃত্ব চালিত ও বিকশিত 'এলিৎ' সংস্কৃতি।'' 'এলিৎ' কথাটির অর্থ কী? 'এলিৎ সংস্কৃতি' সম্পর্কে 'ভারতীয় সংস্কৃতির ধারা' প্রবন্ধ অনুসরণে অনধিক 60 টি শব্দের মধ্যে লিখুন।

(গ) 'মিলনের কথা' প্রবন্ধে সামপ্রদায়িক ঐক্য সম্পর্কে লেখকের সচেতনতা ও আগ্রহ যেভাবে ব্যক্ত হয়েছে তা লিখুন।

2. যেকোন দুটির উত্তর দিন—

(ক) 'দাঁড়াও' কবিতায় মানুষের প্রতি কবির গভীর ভালোবাসা যেভাবে প্রকাশ পেয়েছে তা 70 টি শব্দের মধ্যে লিখুন।

(খ) 'ছাড়পত্র' কবিতায় ছাড়পত্র কে পেয়েছে? তার কাছে কবির সুদৃঢ় অঙ্গীকার কী তা সংক্ষেপে লিখুন।

(গ) 'পিয়ানোর গান' -কবিতা অনুসরণে প্রকৃতির রূপের যে পরিচয় পাওয়া যায় তা 70-80 টি শব্দের মধ্যে লিখুন।

3. নিম্নলিখিত (যেকোন পাঁচটি) প্রবাদ-প্রবচনের সাহায্যে সার্থক বাক্য লিখুন–
অন্ধকারে ঢিল ছোঁড়া, নাচতে না জানলে উঠোন বাঁকা, অমাবস্যার চাঁদ, ননীর পুতুল, গোবরে পদ্ম ফুল, বিনা মেঘে বজ্রাঘাত, মেঘ না চাইতেই জল।

4. ভাব সম্প্রসারণ কর–

(ক) দার্শনিক বলে 'ভাই কেন বল জ্ঞানী?
কিছু যে জানি না আমি এইমাত্র জানি।'

অথবা

আমার মুক্তি আলোয় আলোয় এই আকাশে,
আমার মুক্তি ধুলায় ধুলায় ঘাসে থাসে।

অথবা

বিষয় সংক্ষেপ করুন–

আমাদের এই অভিশপ্ত দেশের মানুষ বহুকাল ধরে দুঃস্বপ্নে কটিয়েছে- এমন দুঃস্বপ্ন দেখা মানুষের ইতিহাসে খুব নতুন নয়- নিজেদের শুধু হিন্দু ও মুসলমান এই দুইভাগে ভাগ করে দেখা সেই দুঃস্বপ্নেরই জের টেনে চলা।- সেই দুঃস্বপ্ন ঢুলিয়ে দিয়ে আমাদের দৃষ্টিমান ও বীর্যবন্ত হতে হবে। -মানুষকে হিন্দু, মুসলমান, খ্রিস্টান প্রভৃতি ভাগে ভাগ করে দেখা ভুল, এ দৃষ্টি দিয়ে দেখা সত্য আমাদের জীবনে দৃঢ় রূপ গ্রহণ করতে পারছে না।

5. প্রকল্প কার্য :

সমাজের পিছিয়ে পড়া মানুষের স্বাস্থ্য সচেতনতা বৃদ্ধির জন্য একটি কর্মসূচি প্রণয়ন করুন।